# ২০২৫
# বাংলা
## (সাম্মানিক)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
### ষষ্ঠ সেমেস্টার
### কোর্স কোড : BENG-H-CC-T-14
### (সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)
### [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) জয়দেব কোন সময়ের কবি? তাঁর বাসস্থান কোথায় ছিল?

খ) জন মিল্টন্ কোন্ সময়ের কবি? তিনি কোন্ সাহিত্য আন্দোলনের পৃষ্ঠপোষক ছিলেন?

গ) জয়দেবের 'গীতগোবিন্দম্'এর যে কোনো দুটি সর্গের নাম এবং তার অর্থ লেখো।

ঘ) ভবভূতির 'মহাবীর চরিত'-এ কোন্ বীরের কথা বলা হয়েছে? এই রকম অভিধা দেবার কী যৌক্তিকতা ছিল?

ঙ) 'What the thunder said' কবিতাটি কার লেখা? কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(পরের পাতায়)

চ) 'Ode on a Grecian Urn' কার লেখা? এখানে 'Grecian Urn' কথাটির অর্থ কী?

ছ) কালিদাসের 'রঘুবংশম্'কে মহাকাব্য বলা হয় কেন?

জ) 'To a Skylark' কার লেখা? এখানে কাকে উদ্দেশ করে লেখা হয়েছে?

ঝ) 'The Old Curiosity Shop' কার লেখা? এই রচনার প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো।

ঞ) খনার বচনে উল্লিখিত ফসলকেন্দ্রিক দুটি প্রবচন উল্লেখ করে তার অর্থ লেখো।

ট) ময়মনসিংহগীতিকার যে কোনো একটি পালা এবং তার প্রধান দুটি চরিত্রের নাম লেখো।

ঠ) উদাহরণসহ লোকসাহিত্যের সংজ্ঞা লেখো।

ড) শেক্সপীয়ারের 'টেম্পেস্ট' নাটকের দুটি চরিত্রের নাম লেখো।

ঢ) বাংলা লোকগীতির সুরের দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

ণ) চার্লস ডিকেন্সের 'এ টেল অফ টু সিটিজ' উপন্যাসে কোন্ দুটি শহরের কথা বলা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) শূদ্রক কোন্ সময়ের নাট্যকার? 'মৃচ্ছকটিকম্' নাটকে তৎকালীন সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট কেমনভাবে প্রস্ফুটিত হয়েছে, দেখাও।

খ) মিল্টনের 'Paradise Lost' গ্রন্থের অভিনবত্বগুলি তথ্যসহ দেখাও।



গ) তোমার এলাকায় প্রচলিত যে কোনো পাঁচটি ধাঁধা লেখো এবং তার ব্যাখ্যা লেখো।

ঘ) ময়মনসিংহ গীতিকা বঙ্গদেশের কোন্ এলাকায় অধিকতর প্রচলিত ছিল? কে প্রথম এই গীতিকাগুলি উদ্ধার করে বিদ্বৎসমাজে পরিচিত করিয়েছিলেন? যে কোনো একটি গীতিকার মূল গল্পটি লেখো। ১+১+৩

ঙ) পি বি শেলীর কাব্য বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।

চ) বাণভট্ট রচিত 'কাদম্বরী' গ্রন্থ সম্বন্ধে একটি টীকা লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চার্লস ডিকেন্সের যে কোনো দুটি গ্রন্থ সম্বন্ধে তথ্যভিত্তিক আলোচনা করো।

খ) প্রবচন কাকে বলে? প্রবচনের মধ্যে বাঙালীর ইতিহাসের উপাদানগুলি সঞ্চিত আছে — উদাহরণসহ ব্যাখ্যা করো।

গ) সংস্কৃত সাহিত্যের কবি ভাস সম্বন্ধে একটি প্রবন্ধ রচনা করো।

ঘ) 'বার্ণাড শ' তাঁর নাটকে একটি যুগের চেতনা ও আকাঙ্খাকে শৈল্পিকভাবে প্রকাশ করেছেন— তাঁর নাটকগুলি উল্লেখ করে এই কথার মর্মার্থ বিশ্লেষণ করো।

———————